

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর



Web : www.dinajpureducationboard.gov.bd

E-mail : college@dinajpureducationboard.gov.bd

স্মারক নং- ২/কল/ঠাক/১৭৪/৫৬৯০

তারিখ: ২৮/০৩/২০২৪

বিষয় : উচ্চ মাধ্যমিক পর্যায়ে একাডেমিক স্বীকৃতি প্রদান প্রসঙ্গে।

সূত্র : (১) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর-এর ১৪/১১/২০২৩ তারিখের মন্ত্রণালয় কমিটির ৩য় সভার সিদ্ধান্ত নং- ২১।  
(২) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর-এর ২৭/০৩/২০২৪ তারিখের ৪৬তম বোর্ড সভা।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, ঠাকুরগাঁও জেলার সদর উপজেলাধীন “পুলিশ লাইন হাই স্কুল এন্ড কলেজ”-এ কাম্য সংখ্যক শিক্ষার্থী ও পরীক্ষার্থী উন্নীত করার শর্তে নিম্নলিখিত শাখা ও বিষয়সমূহসহ নিম্নোক্ত শর্তসাপেক্ষে ০১/০৭/২০২৪ তারিখ হতে ৩০/০৬/২০২৬ তারিখ পর্যন্ত মোট ০২ (দুই) বছর মেয়াদে উচ্চ মাধ্যমিক পর্যায়ে একাডেমিক স্বীকৃতি প্রদান করা হলো।

## শাখা সমূহ:

১। মানবিক, ২। বিজ্ঞান, ৩। ব্যবসায় শিক্ষা।

আবশ্যিক বিষয় :

- (১) বাংলা
- (২) ইংরেজি
- (৩) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি

নৈর্বাচনিক বিষয় :

- (ক) মানবিক শাখা :
- ১। পৌরনীতি ও সুশাসন।
  - ২। ইতিহাস।
  - ৩। সমাজ বিজ্ঞান।
  - ৪। অর্থনীতি।
- (খ) বিজ্ঞান শাখা :
- ১। পদার্থ বিজ্ঞান।
  - ২। রসায়ন বিজ্ঞান।
  - ৩। জীব বিজ্ঞান।
  - ৪। উচ্চতর গণিত।
- (গ) ব্যবসায় শিক্ষা শাখা :
- ১। ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা।
  - ২। হিসাববিজ্ঞান।
  - ৩। উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন।
- (ঘ) সকল শাখার জন্য :
- ১। কৃষি শিক্ষা।

## শর্তসমূহ :

- ১। বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান স্থাপন, পাঠদান ও একাডেমিক স্বীকৃতি প্রদান নীতিমালা-২০২২ (সংশোধিত ২০২৩) এর আলোকে উচ্চ মাধ্যমিক পর্যায়ে কাম্য সংখ্যক শিক্ষার্থী ও ফলাফল বজায় রাখতে হবে;
- ২। ‘বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান স্থাপন, পাঠদান ও একাডেমিক স্বীকৃতি প্রদান নীতিমালা-২০২২’ (সংশোধিত ২০২৩) অনুযায়ী সাধারণ ও সংরক্ষিত তহবিলের শর্ত পূরণ করে বোর্ডকে অবহিত করতে হবে;
- ৩। নিয়োগকৃত শিক্ষক/কর্মচারীর বেতন-ভাতাদি কলেজের (এমপিও না দেয়ার শর্তে) স্ব-অর্থায়নে পরিচালিত হবে;
- ৪। ভবিষ্যতে উক্ত প্রতিষ্ঠানের কোন শিক্ষক-কর্মচারীকে এমপিওভুক্ত করা যাবে না।

- ৫। সরকারি বিধি মোতাবেক শিক্ষক নিয়োগ করতে হবে;
- ৬। বোর্ডের পূর্বানুমতি ব্যতীত কলেজের কোন শাখা/ক্যাম্পাস চালু করা যাবে না;
- ৭। উচ্চ অনুমোদন ভবিষ্যতে অন্য কোন প্রতিষ্ঠানের ক্ষেত্রে উদাহরণ অথবা নজির হিসেবে বিবেচিত হবে না;
- ৮। সরকার প্রয়োজন মনে করলে যে কোন সময় যে কোন শর্ত আরোপ করতে পারবে;
- ৯। বেসরকারি কলেজের ক্ষেত্রে প্রচলিত অন্যান্য সকল শর্ত মেনে চলতে হবে;
- ১০। কোন শর্ত প্রতিপালনে ব্যর্থ হলে সরকার যে কোন সময় ও অনুমোদন বাতিল করতে পারবে;
- ১১। কলেজের সংরক্ষিত তহবিলে জমাকৃত ৪,০০,০০০/- (চার লক্ষ) টাকা বোর্ডের পূর্বানুমতি ছাড়া উঠানো যাবে না;
- ১২। কলেজের দৈনন্দিন খরচ বহনের জন্য সাধারণ তহবিলে কমপক্ষে ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা সবসময় জমা রাখতে হবে;
- ১৩। উচ্চ মাধ্যমিক পর্যায়ে শিক্ষার্থী সংখ্যা কাম্য পর্যায়ে উন্নীত করতে হবে।
- ১৪। উচ্চ মাধ্যমিক পরীক্ষার ফলাফল আরো উন্নত করতে হবে।
- ১৫। শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত (নং- শাঃ/১০এম ৫০/৮৩/৫৬০(১৫০০০)-শিক্ষা, তারিখ ১০ ই জুন, ১৯৮৪) পরিদর্শন ও হিসাব নিরীক্ষণ অধিদপ্তরের বে-সরকারী শিক্ষা প্রতিষ্ঠানের হিসাবরক্ষণ পদ্ধতি "নির্দেশিকা" অনুসারে ব্যাংকে রাখতে হবে এবং ক্যাশ বহিতে হিসাব সংরক্ষণ করতে হবে।
- ১৬। প্রত্যেক অর্থ বছরের শেষে কলেজের জমা খরচের হিসাব রেজিস্টার্ড অডিটর দ্বারা অডিট করাতে হবে এবং অডিট রিপোর্ট বোর্ডে পাঠাতে হবে।
- ১৭। বিধি মোতাবেক নিয়মিত কমিটি গঠন করে বোর্ডের অনুমোদন নিতে হবে।
- ১৮। কলেজের পরবর্তী অস্থায়ী স্বীকৃতির সময়সীমা বৃদ্ধি প্রদানের বিষয়টি অনলাইনে নিম্নলিখিত রিপোর্ট ও প্রয়োজনীয় ফি পাওয়ার পর বিবেচনা করা হবে।
  - ক) উপর্যুক্ত শর্তগুলি পূরণ সংক্রান্ত রিপোর্ট;
  - খ) কলেজের কার্য পদ্ধতি সম্পর্কে সন্তোষজনক পরিদর্শন রিপোর্ট;
  - গ) অস্থায়ী স্বীকৃতির সময়সীমা বৃদ্ধির ফি বাবদ ০৮,০০০/- (আট হাজার) টাকা বোর্ডের সচিব-এর অনুকূলে সোনালী সেবার মাধ্যমে জমাদানের রশিদ।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

অধ্যক্ষ,  
পুলিশ লাইন হাই স্কুল এন্ড কলেজ  
ডাকঘর : ঠাকুরগাঁও  
উপজেলা : সদর, জেলা: ঠাকুরগাঁও।

স্বাঃ  
(মোঃ আবু সায়েম)  
কলেজ পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড  
দিনাজপুর।

স্মারক নং- ২/কল/ঠাক/১৭৪/৫৬৯০

তারিখ: ২৮/০৩/২০২৪

সদয় অবগতির ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ৩। মহাপরিচালক, ব্যানবেইস, শিক্ষা মন্ত্রণালয়, সোনারগাঁও রোড (পলাশী নীলক্ষেত), ঢাকা-১২০৫।
- ৪। জেলা প্রশাসক, ঠাকুরগাঁও।
- ৫। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রংপুর অঞ্চল, রংপুর।
- ৬। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর।
- ৭। উপজেলা নির্বাহী অফিসার, সদর, ঠাকুরগাঁও।
- ৮। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর।
- ৯। জেলা শিক্ষা অফিসার, ঠাকুরগাঁও।
- ১০। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর, ঠাকুরগাঁও।
- ১১। পি. এস. টি চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর।
- ১২। ওয়েব সাইট কপি।
- ১৩। অফিস কপি।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে



(মোঃ আবু সায়েম)

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

দিনাজপুর।

